অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানোর বিরুদ্ধে অভিযানের ঘোষণা করেছেন

স্টপ-ডিওয়াই এর "ড্রাইভ সোবার অর গেট পুল্ড অভার" প্রচারণার সময় প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানোর জন্য 3,262টি টিকিট জারি করা হয়েছে

অন্যান্য যানবাহন এবং ট্রাফিক আইন লঙ্ঘনের জন্য 116,292টি টিকিট জারি করা হয়েছে

মারাত্মক প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানোর ক্র্যাশ 2010 থেকে 2019 সালের মধ্যে 19শতাংশের বেশি হ্রাস পেয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে সারা স্টেট জুড়ে আইন প্রয়োগকারী সংস্থাগুলো "ড্রাইভ সোবার অর গেট পুল্ড ওভার" প্রচারণার সময়, যা 19 আগস্ট থেকে 7 আগস্ট পর্যন্ত চলেছিল, 3,262টি টিকিট জারি করেছিল প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানোর জন্য। এ সময় কর্মকর্তারা অন্যান্য যানবাহন এবং ট্রাফিক আইন লঙ্ঘনের জন্য, যেমন দ্রুত বেগে চালানো এবং অমনোযোগীভাবে গাড়ি চালানোর জন্য 116,292টি টিকিট জারি করেন।

"নিউ ইয়র্ক প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানোর জন্য শূন্য সহনশীলতা প্রদর্শন করে এবং ফলাফলে দেখা যাচ্ছে বেপরোয়াভাবে চালানো গাড়ির চালকদের ধরা হবে এবং এর জন্য দায়ী করা হবে," **গভর্নর কুওমো বলেন**। "আমাদের বার্তা সহজ: সুস্থ অবস্থায় গাড়ি চালান অথবা বাড়ি ফেরার জন্য পরিকল্পনা করুন। প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানো আপনাকে এবং যারা রাস্তা শেয়ার করেন উভয়কেই ঝুঁকির মধ্যে ফেলে - এর কণ মানে হয় না।"

গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC) দ্বারা সমর্থিত STOP-DWI "ড্রাইভ সোবার অর গেট পুলড ওভার" প্রচারাভিযানটি অ্যালকোহল এবং অন্যান্য মাদক সংক্রান্ত ট্রাফিক দুর্ঘটনা কমাতে সারা বছর ধরে একাধিকবার অনুষ্ঠিত হয়। আলবানির বিশ্ববিদ্যালয়ের রকফেলার কলেজের (Rockefeller College) ট্রাফিক সেফটি ম্যানেজমেন্ট অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের (Institute for Traffic Safety Management) তথ্য অনুযায়ী, নিউ ইয়র্কের প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানো কমানোর প্রচেষ্টা সফল হচ্ছে। প্রতিবন্ধকতা সহ চালক জড়িত মারাত্মক দুর্ঘটনা 2010 থেকে 2019 সালের মধ্যে 19 শতাংশেরও বেশি হ্রাস পেয়েছে।

ডিপারটমেন্ট অফ মোটর ভেহিক্লসের (Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরস ট্রাফিক সেফটি কমিটির সভাপতি মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "এটি আরেকটি সফল প্রচারণা যেখানে বিপজ্জনক চালকদের তাদের কাজের ফলাফল উপলব্ধি করতে বাধ্য করা হয়, এবং আমি আমাদের রাজ্য এবং স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টার প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য প্রশংসা করছি। মাতাল হয়ে গাড়ি চালানোর কোন ক্ষমা নেই। স্মার্ট হও। সুস্থ অবস্থায় গাড়ি চালান অথবা নিরাপদে আপনার গন্তব্যে পৌঁছানোর জন্য একটি পরিকল্পনা তৈরি রাখুন।"

সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "প্রতিদিন আমাদের লক্ষ্য হচ্ছে প্রতিবন্ধকতা সহ এবং বেপরোয়াভাবে গাড়ি চালানো প্রতিরোধ করা এবং তার ফলে অপ্রয়োজনীয় মৃত্যু এবং আঘাত প্রাপ্তির ঘটনা ঘটে তা রহিত করা। আমরা আমাদের বলবতকরণ এবং শিক্ষার প্রচেষ্টা অব্যাহত রাখবো এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য হাইওয়ের নিরাপত্তা উন্নত করব।"

STOP-DWI প্রোগ্রাম নিউ ইয়র্কের প্রতিবন্ধকতা সহ গাড়ি চালানোর মোকাবেলার প্রচেষ্টার একটি প্রধান উপাদান। STOP-DWI মানে "মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য স্পেশাল ট্রাফিক অপশন প্রোগ্রাম (Special Traffic Options Program for Driving While Intoxicated)।" রাজ্যের STOP-DWI কর্মসূচীটি দেশের প্রথম এবং এখন অবধি একমাত্র স্বনির্ভরশীল প্রতিবন্ধকতা সহগাড়ি চালনার কর্মসূচি। কর্মসূচিটির অর্থায়ন করা হয় দোষী নেশাগ্রস্থ চালকদের কর্তৃক প্রদান করা জরিমান থেকে। গুরুত্বপূর্ণভাবে, প্রোগ্রামের সমন্বয়কারীরা আইন প্রয়োগকারী এবং আইন প্রয়োগকারী নয় এমন (Non-law enforcement) সহ বিভিন্ন পেশাদার পশ্চাদপটের মানুষদের সমন্বয়ে গঠিত।

মদ ও অন্যান্য মাদক সংক্রান্ত ট্রাফিক দুর্ঘটনা কমাতে স্থানীয় প্রচেষ্টার সমন্বয়ের উদ্দেশ্যে কাউন্টিগুলির ক্ষমতায়নের জন্য এই STOP-DWI কর্মসূচী তৈরি হয়েছিল GTSC-র তত্ত্বাবধানে। 62 কাউন্টির সবগুলো অংশগ্রহণ করেছিল। মাতাল হয়ে গাড়ি চালানো বন্ধ করুন কর্তৃক অর্থায়ন করা কয়েকটি প্রোগ্রামের উদাহরণ হল: মাতাল হয়ে গাড়ি চালনা বন্ধ করা প্রয়োগের জন্য নিবেদিত বিশেষভাবে প্রশিক্ষিত পুলিশ ইউনিট, মামলার ভার পরিচালনার জন্য বিশেষ প্রসিকিউটর এবং প্রবেশন অফিসারদের নিয়োগ, ইগনিশন ইন্টারলক ডিভাইসগুলো পর্যবেক্ষণ, পুনর্বাসন পরিষেবাগুলো সহায়তা, এবং তাদের নিজ অঞ্চলের সম্প্রদায়ের জন্য উপযুক্ত করে পাবলিক তথ্য এবং শিক্ষা প্রচার করা। আরও জানতে, http://www.stopdwi.org/ দেখুন।

GTSC সারা বছর ধরে বিভিন্ন ট্রাফিক নিরাপত্তা কার্যক্রম সমন্বয় করে এবং পথচারী, মোটরসাইকেল এবং সাইকেল নিরাপত্তা উন্নয়নে চলমান উদ্যোগকে সমর্থন করে, "ড্রাইভ সোবার অর গেট পুল্ড ওভার" প্রচারণা ছাড়াও। GTSC আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য সমালোচনামূলক প্রশিক্ষণের পৃষ্ঠপোষকতা করে, কিশোর ড্রাইভার এবং তাদের পিতামাতার জন্য সম্পদ প্রদান করে এবং স্টেটব্যাপি সিটবেল্ট ব্যবহার প্রচার করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন